



৩৬ তম বিসিএস লিখিত পরীক্ষার প্রশ্ন



হুমায়রা সিদ্দিকা হুমাশা-Humaira Siddika Humasha

ড. আবু বকর সিদ্দিক-Dr. Abu Bakkar Siddiq

ড. সিদ্দিক পাবলিকেশন্স লেখক, গবেষক, শিক্ষক এবং শিক্ষার্থীদের জন্য-জ্ঞান ভান্ডার

বিষয়- বাংলা

বিষয় কোড- ০০১ ও ০০২

সময়- ৪ ঘণ্টা

[ডান দিকের সংখ্যা সংশ্লিষ্ট প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

পূর্ণমান- ২০০

বিষয় কোড- ০০১

ঘ) নিচের প্রবাদ-প্রবচন ব্যবহার করে অর্থপূর্ণ বাক্য লিখুন:

উড়নচন্ডী, খন্ড প্রলয়, আসলে মুষল নেই টেকি ঘরে চাঁদোয়া, যার কর্ম তার সাজে অন্য লোকের লাঠি বাজে, একাদশে বৃহস্পতি, আটে-পিঠে দড় তবে ঘোড়ার উপর চড়।

০১। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুনঃ-

৬×৫ = ৩০

ক) সাধিত শব্দ কাকে বলে? সাধিত শব্দ গঠনের প্রক্রিয়াগুলো উদাহরণসহ ব্যাখ্যা করুন।

খ) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানরীতি অনুসারে তৎসম শব্দের ৬টি নিয়ম উদাহরণ সহ লিখুন।

গ) নিচের বাক্যগুলোর শুদ্ধরূপ লিখুনঃ

- (১) তাহার সৌন্দর্যতাবোধ আমাকে অভিভূত করেছে।
- (২) এ নির্মম হত্যাকাণ্ডে গ্রামবাসী নিস্তব্ধ হয়ে গেল।
- (৩) ইতিপূর্বেই তার বিরুদ্ধে কর্তৃপক্ষের কাছে নালিশ করা হয়েছে।
- (৪) মহাসমারোহে প্রধান অতিথিকে সুস্বাগত জানানো হলো।
- (৫) তার সাংঘাতিক আনন্দ হলো।
- (৬) ছেলেটি অহনিশি তার মাকে জ্বালাতন করে।

ঙ) নিচের বাক্যগুলো নির্দেশ অনুসারে রূপান্তর করুন:

১. ফের যদি আসি তবে সিঁধকাঠি সঙ্গে করিয়াই আসিব। (সরল)
২. তাকে নির্দয় মনে হয় না। (অস্তিবাচক)
৩. অধ্যয়নই ছাত্রদের তপস্যা। (জটিল)
৪. জামিল বাড়িতে আছে। (নেতিবাচক)
৫. যেহেতু তার ধনসম্পদ আছে, তাই সে গর্বিত। (যৌগিক)
৬. বিদ্যাসাগর বাংলা গদ্যের জনক। (প্রস্তাবোধক)

০২। ভাব-সম্প্রসারণ করুনঃ-

২০

ক) পথের প্রান্তে আমার তীর্থ নয়

পথের দুধারে আছে মোর দেবালয়।

অথবা,

খ) জাতীয় জীবনে সন্তোষ এবং আকাঙ্ক্ষা দুয়েরই মাত্রা

বাড়িয়া গেলে বিনাশের কারণ ঘটে।

ক) হে চিরদীপ্ত, সৃষ্টি ভাঙা ও

জাগার গানে

তোমার শিখাটি উঠুক জ্বলিয়া

সবার প্রাণে।

ছায়া ফেলিয়াছে প্রলয়ের নিশা,

আঁধারে ধরণী হারায়েছে দিশা,

তুমি দাও বুকে অমৃতের তৃষা

আলোর ধ্যানে।

অথবা,

খ) সমাজের কাজ কেবল টিকে থাকার সুবিধা দেওয়া নয়, মানুষকেও বড় করে তোলা, বিকশিত জীবনের জন্য মানুষের জীবনে আগ্রহ জাগিয়ে দেওয়া। স্বল্পপ্রাণ, স্থূলবুদ্ধি ও জবরদস্তিপ্রিয় মানুষে সংসার পরিপূর্ণ। তাদের কাজ নিজের জীবনকে সার্থক ও সুন্দর করে তোলা নয়, অপরের সার্থকতার পথে অন্তরায় সৃষ্টি করা। প্রেম ও সৌন্দর্যের স্পর্শ লাভ করেনি বলে এরা নিষ্ঠুর ও বিকৃতবুদ্ধি। এদের একমাত্র দেবতা অহংকার। পারিবারিক অহংকার, জাতিগত অহংকার-এ সবার নিশান ওড়ানোই এদের কাজ।

০৪। নিচের প্রশ্নগুলো সংক্ষিপ্ত উত্তর দিনঃ-

৩×১০ = ৩০

ক। চর্যাপদে নিম্নবর্ণীয় মানুষের যে পরিচয় পাওয়া যায় তার বিবরণ দিন।

খ। শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে গ্রামীণ জীবনের কী পরিচয় পাওয়া যায় তা লিখুন।

গ। ব্রজবুলি কী?

ঘ। রোমাঞ্চধারার একজন মুসলিম কবির কাব্য সম্পর্কে আলোচনা করুন।

ঙ। ভারতচন্দ্র রায় গুণাকরের কবি প্রতিভার মূল্যায়ন করুন।

চ। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের সমাজসংস্কার আন্দোলন সম্পর্কে আলোচনা করুন।

ছ। 'বুদ্ধির মুক্তি আন্দোলন' সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করুন।

জ। কাজী নজরুল ইসলামের ঔপন্যাসিক সত্তার পরিচয় দিন।

ঝ। ভাষা আন্দোলনভিত্তিক তিনটি গল্পের নাম লিখুন।

ঞ। মুক্তিযুদ্ধকেন্দ্রিক একটি উপন্যাসের মূল্যায়ন করুন।

১। বাংলায় অনুবাদ করুন:

১৫

Traffic jam is not an uncommon phenomenon in our country, especially in the Dhaka City. Traffic jam, by definition, is the huddling up of too many vehicles in a specific place of a highway or in a street, with the result that the vehicles clog up, so to say, and cannot move ahead. This creates a great problem. People who are busy on urgent business miss their timetable. In the morning, for example, many people sail to attend their workplaces in time. The transportation of goods get delayed. Perhaps the worst consequence is suffered by patients being carried to hospitals or clinics. The mental and physical sufferings, too, are no less important. The number of vehicles, especially rickshaws, is a major cause of this nuisance.

২। একজন প্রবীণ মুক্তিযোদ্ধা এবং স্বাধীনতা পরবর্তী প্রজন্মের এক তারুণ্যের মধ্যে মুক্তিযুদ্ধ নিয়ে সংলাপ লিখুন। ১৫

৩। (ক) 'সর্বস্তরে বাংলা ভাষার প্রচলন'- বিষয়ে পত্রিকায় প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন লিখুন। ১৫

অথবা

(খ) বাংলাদেশের একটি যাদুঘরের বর্ণনা দিয়ে বিদেশী বন্ধুর নিকট একটি পত্র লিখুন।

৪। বাঙালির ইতিহাস কিংবা লোক ঐতিহ্য নির্ভর একটি গ্রন্থের সমালোচনা লিখুন।

১৫

৫। যে কোন একটি বিষয়ে শব্দ লিখুন:

৪০

- (ক) বাংলাদেশের প্রাচীন ঐতিহ্য।
- (খ) জাতীয় উন্নয়নে মুক্তিযুদ্ধের চেতনা।
- (গ) শিষ্টাচার ও সৌন্দর্য্য।
- (ঘ) বাংলাদেশে পরিবেশ বিপর্যয় ও তার প্রতিকার।
- (ঙ) নারী উন্নয়ন।